

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮১৫

১/ বিবিধ

আরবী

إن الله ليدفع بالمسلم الصالح عن مائة أهل بيت من جيرانه البلاء
ضعيف جدا

رواه ابن جرير في " التفسير " (5 / 574 / 5753) والعقيلي في " الضعفاء " (463)
والواحدي في تفسيره " الوسيط " (1 / 91 / 2) عن يحيى بن سعيد العطار: حدثنا
حفص بن سليمان عن محمد بن سوقة عن وبرة بن عبد الرحمن عن ابن عمر
مرفوعا، ثم قرأ عبد الله بن عمر (ولولا دفع الله الناس بعضهم ببعض لفسدت
الأرض)

وقال العقيلي: " يحيى بن سعيد العطار شامي منكر الحديث لا يتابع على حديثه، وليس
بمشهور بالنقل، قال ابن معين: ليس بشيء ". ورواه ابن عدي (100 / 2) من هذا
الطريق في ترجمة حفص وقال: لا يرويه عن ابن سوقة غير حفص، وعامة حديثه غير
محفوظ

قلت: وهو أبو عمر الأسدي القاريء، وهو ضعيف جدا، بل قال ابن خراش: " كذاب
يضع الحديث ". والحديث أورده السيوطي في " الجامع " برواية الطبراني فقد، وقال
شارحه المناوي: " ضعفه المنذري، وقال الهيثمي: فيه يحيى بن سعيد العطار وهو
ضعيف. وفي " الميزان ": يحيى هذا ضعفه ابن معين وواه أبو داود، وقال ابن
خزيمة: لا يحتج به، ثم أورد له هذا الخبر ". قلت: إعلال الحديث بحفص بن سليمان
كما فعل ابن عدي أولى من إعلاله بالعطار لشدة ضعفه كما عرفت، ولأنه فوؤه في

বাংলা

৮১৫। নিশ্চয় আল্লাহ তা'আলা নেককার মুসলিম ব্যক্তির দ্বারা তার প্রতিবেশী একশত পরিবারের বিপদ দূর করে দিবেন।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু জারীর “আত-তাফসীর” (৫/৫৭৪/৫৭৫৩) গ্রন্থে, উকায়লী “আয-যোয়াফা” (৪৬৩) গ্রন্থে এবং আল-ওয়ালেদী “আল-ওয়ালেদী” (১/৯১/২) গ্রন্থে ইয়াহইয়া ইবনু সাঈদ আল-আত্তার হতে তিনি হাফস ইবনু সুলায়মান হতে তিনি মুহাম্মাদ ইবনু সাওকাহ হতে তিনি অব্বাহ ইবনু আবদির রহমান হতে ... বর্ণনা করেছেন। উকায়লী বলেনঃ ইয়াহইয়া ইবনু সাঈদ আল-আত্তার শামী- মুনকারুল হাদীছ। তার হাদীছের অনুসরণ করা যায় না। তিনি বর্ণনার দিক দিয়ে প্রসিদ্ধ নন। ইবনু মাঈন বলেনঃ তিনি কিছুই না।

ইবনু আদী বলেনঃ হাফস ছাড়া ইবনু সাওকাহ হতে অন্য কেউ বর্ণনা করেননি। তার অধিকাংশ হাদীছ নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছিঃ তিনি হচ্ছেন আবু উমার আল-আসাদী আল-কারী। তিনি খুবই দুর্বল। বরং ইবনু খাররাশ বলেনঃ তিনি মিথ্যুক, হাদীছ জালকারী।

সুযুতী হাদিসটি তাবারানীর বর্ণনায় "আল-জামে" গ্রন্থে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানবী বলেছেনঃ মুনযের হাদীছটিকে দুর্বল আখ্যা দিয়েছেন। হায়ছামী বলেনঃ তাতে ইয়াহইয়া ইবনু সাঈদ আল-আত্তার রয়েছেন, তিনি দুর্বল। "আল-মীযান" গ্রন্থে এসেছেঃ ইবনু মাঈন এই ইয়াহইয়াকে দুর্বল আখ্যা দিয়েছেন। আর আবু দাউদ তাকে নিতান্তই দুর্বল বলেছেন। ইবনু খুযায়মাহ বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। অতঃপর তিনি তার এ হাদীছটি উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাফস ইবনু সুলায়মানের দ্বারা হাদীছটির সমস্যা বর্ণনা করাই উত্তম যেমনটি ইবনু আদী করেছেন। কারণ তিনি অত্যন্ত দুর্বল এবং তিনি আত্তারের উপরের স্তরের।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71694>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন